


রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বৃহস্পতিবার, মডেম ১৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/১১ মডেম ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-৩০৭-আইন/২০২০।—মৎস্য হ্যাচারি আইন, ২০১০ (২০১০ সনের ১৪ নং
আইন) এর ধারা ২৫ এ প্রদত্ত ক্ষমতবলে, সরকার, মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ
সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (১২) এর পর নিম্নরূপ দফা (১২ক) সন্নিবেশিত হইবে, যথা :—

“(১২ক) “ভাইরাস” অর্থ পোনা, রেণু, নপ্তি (Nauplii) ও পিএল (Post larvae)
এর রোগ সৃষ্টিকারী আণুবীক্ষণিক এবং অকোষীয় অণুজীব;”

(খ) বিধি ৩ এর পর নিম্নরূপ বিধি তক সন্নিবেশিত হইবে, যথা :—

“৩ক। অবিকল নকল সনদ ইস্যু।—(১) বিধি ৩ এর উপ-বিধি (৪) এর অধীন
ইস্যুকৃত সনদ হারাইয়া গেলে বা অন্যবিধি কারণে নষ্ট হইয়া গেলে
নিবন্ধনগ্রহিতাকে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরি (general diary) করিয়া
উক্ত সনদের অবিকল নকল (duplicate copy of original) প্রাপ্তির জন্য
নিবন্ধন কর্মকর্তার নিকট আবেদন করিতে হইবে।

(২) নিবন্ধন কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাপূর্বক
বিধি ৫ এর অধীন নির্ধারিত নিবন্ধন ফি আদায় সাপেক্ষে, আবেদনকারী বরাবর
উক্ত সনদের অবিকল নকল (duplicate copy of original) ইস্যু করিতে
পারিবেন।

(১১৮৫১)

মূল্য : টাকা ৪.০০

- (৩) উপ-বিধি (২) এর অধীন ইস্যুকৃত সনদে “অবিকল নকল” সিল প্রদান করিতে হইবে। এবং মূল সনদের অবশিষ্ট মেয়াদে উহা কার্যকর হইবে।
- (৪) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, অবিকল নকল সনদ গ্রহণের পর নিবন্ধনস্থাহিতা বিধি ৩ এর অধীন ইস্যুকৃত সনদ খুঁজিয়া পাইলে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরি করিয়া উক্ত অবিকল নকল সনদ নিবন্ধন কর্মকর্তার নিকট ফেরত প্রদান করিবেন এবং নিবন্ধন কর্মকর্তা উহা বাতিল করিবেন।”;
- (গ) বিধি ৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৫ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৫। আবেদন, নিবন্ধন ও নবায়ন ফি ।—(১) এই বিধিমালার অধীন মৎস্য হ্যাচারি পরিচালনার জন্য আবেদন, নিবন্ধন ও নবায়ন ফি বিভিন্ন ক্যাটাগরি অনুযায়ী নিম্নবর্ণিত হারে আদায়যোগ্য হইবে, যথা :—

ক্রঃ নং	হ্যাচারি ক্যাটাগরি	আবেদন ফি	নিবন্ধ ফি	নবায়ন ফি
১	২	৩	৪	৫
(১)	ক্যাটাগরি (১): কার্প মাছের রেগু উৎপাদন হ্যাচারি	২০০	৩,০০০	২,০০০
(২)	ক্যাটাগরি (২): গলদা ও বাগদা চিংড়ী পিএল উৎপাদন হ্যাচারি	২০০	৭,৫০০	৬,০০০
(৩)	ক্যাটাগরি (৩): দেশীয় অন্যান্য মাছের হ্যাচারি (Perch, ক্যাট ফিস, ম্লেকহেড)	২০০	৩,০০০	২,০০০
(৪)	ক্যাটাগরি (৪): মনোসেক্স তেলাপিয়ার হ্যাচারি	২০০	৩,০০০	২,০০০
(৫)	ক্যাটাগরি (৫): বাহারী মাছের হ্যাচারি	২০০	১,৫০০	১,০০০
(৬)	ক্যাটাগরি (৬): মাছ ব্যৌত অন্যান্য জলজ প্রাণীর হ্যাচারি	২০০	৩,০০০	১,০০০

- (ঘ) বিধি ৯ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৪) সরকার, সময় সময়, গেজেট প্রজ্ঞাপন দ্বারা, পোনা, রেগু, নপ্তি ও পিএল এর
জন্য ক্ষতিকর ভাইরাসের হালনাগাদ তালিকা প্রকাশ করিবে।”;

- (ঙ) বিধি ৯ এর উপ-বিধি (৪) এর পর নিম্নরূপ নৃতন উপ-বিধি (৫) সংযোজিত হইবে, যথা :—

“(৫) হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী পোনা, রেণু, নপ্তি বা পিএল বিক্রয় বা সরবরাহ করিবার পূর্বে উহাতে উপ-বিধি (৪) এ উল্লিখিত ক্ষতিকর ভাইরাসের উপস্থিতি সরকার-স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষা করাইবেন এবং উক্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উহা ভাইরাসমুক্ত মর্মে লিখিতভাবে ঘোষণা করিবেন।”;

- (চ) তফসিল ৩ এর গ্রুপ-সি এর দফা (ঙ) এর ক্রমিক নং (১৮) এর পর নিম্নরূপ নৃতন ক্রমিক নং (১৯) ও (২০) সংযোজিত হইবে, যথা :—

“(১৯) প্রোভিডন আয়োডিন

(২০) সরকার কর্তৃক, সময় সময়, গেজেট প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত অন্য যে কোনো রাসায়নিক দ্রব্যাদি ও ঔষধপত্র।”; এবং

- (ছ) তফসিল ৩ এর গ্রুপ-সি এর দফা (চ) এর ক্রমিক নং (৪) এর প্রান্তস্থিত দাঁড়ি বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ নৃতন ক্রমিক নং (৫) সংযোজিত হইবে, যথা :—

“(৫) ১৭-আলফা মিথাইলটেস্টোস্টেরণ।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হামিদুর রহমান
যুগ্মসচিব।